দৈনিক ইত্তেফাক

তারিখ... 07 MAY 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

32

# পলিটেকনিক ছাত্রাবাস হইতে অস্ত্রসহ ১৬ জন আটক

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের একটি বিশেষ দল গতকাল (শুক্রবার) তেজগাঁও পলিটেকনিক ইন্সটিটিউটের লতিফ ছাত্রাবাসের দুইটি কক্ষে তল্লাশী চালাইয়া ২টি কাটা রাইফেল, ১টি কাটা বন্দুক ও প্রচুর গোলা বারুদ উদ্ধার এবং ১৬ জনকে গ্রেফতার করিয়াছে। পুলিশ জানায়, গ্রেফতারকৃত আসামিগণ বেআইনী অস্ত্র নিয়া দীর্ঘদিন যাবৎ লতিফ ছাত্রাবাসে থাকিয়া

(১১শ পৃ: ৬-এর ক: দ্র:)

## পলিটেকনিক ছাত্রাবাস

(১ম পৃ: পর)

বিভিন্ন সন্ত্রাসমূলক কার্যকলাপ চালাইয়া শিক্ষার পরিবেশ বিঘ্নিত করিয়া আসিতেছিল।

মহানগর গোয়েন্দা পুলিশের ডেপুটি কমিশনারের নির্দেশে ৪ জন এসি'র সমন্বয়ে গঠিত একটি বিশেষ দল গতকাল বিকালে উল্লিখিত ছাত্রাবাসের দুইটি কক্ষে তল্লাশী চালাইয়া দুইটি কাটা রাইফেল, ১টি কাটা বন্দুক ২৯ রাউণ্ড রাইফেলের গুলী, ২৪ রাউণ্ড বন্দুকের কার্তুজ, ২১টি ককটেল ও ককটেল তৈয়ারীর সরঞ্জামাদি উদ্ধার করে।

উক্ত আগ্নেয়াস্ত্র রাখার অভিযোগে আতিকুল ইসলাম, মিজানুর রহমান মিজান, মোহাম্মদ আলাউদ্দিন ওরফে আলম, মিজানুর রহমান ওরফে ছোট মিজানকে গ্রেফতার করে। এই সময় পুলিশ লতিফ ছাত্রাবাস হইতে বহিরাগত ১১ জনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত মিজানুর রহমান ওরফে বড় মিজান ও আলাউদ্দিন তেজগাঁও থানায় হত্যা মামলার পলাতক আসামী। তাহাদের বিরুদ্ধে তেজগাঁও থানায় একটি মামলা দায়ের করা হইয়াছে।